103

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 24 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

## ভুলে ভরা প্রশ্নপত্র

স্টাফ রিপোর্টার ॥ ভুল বানান এবং অশুদ্ধ বাক্য গঠনের নয়া নজির সৃষ্টি করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগ। শুক্রবার অনুষ্ঠিত রাষ্ট্রবিজ্ঞান বিভাগের এমএসএস ১ম পর্বের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে কমপক্ষে ৭টি শব্দ ভুল বানানে লেখা। একটি বাক্যের গঠন

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## ভুলে ভরা

(প্রথম পাতার পর)

এছাড়া প্রশ্নপত্রে ছিল আরও অনেক অসঙ্গতি। বিশ্ববিদ্যালয়ের ছাত্র এবং শিক্ষকদের মধ্যে মারাত্মক প্রতিক্রিয়া সৃষ্টি করেছে ভুলে ভরা এই প্রশ্নপত্র।

প্রশ্নপত্রে ভুল বানানে লেখা শব্দগুলো হচ্ছে ঃ পুণ, বাকী, দ্বন্দ্ব, সংঘটন, বিবর্তন, বৈচিত্রতা এবং আনায়ন। ৪ নম্বর প্রশ্নের প্রথম বাক্যের গঠন অশুদ্ধ। লেখা হয়েছে "কি কি কারণে সমাজ পরিবর্তন হয়?" হবে "কি কি কারণে সমাজ পরিবর্তিত হয়?" অথবা "কি কি কারণে সমাজের পরিবর্তন হয়?"

জানা গেছে, পরীক্ষার হলে ছাত্রছাত্রীরা ভুলে ভরা এই প্রশ্নপত্রের ব্যাপারে শিক্ষকদের দৃষ্টি আকর্ষণ করে। শিক্ষকরা ছিলেন এ নিয়ে ভীষণ বিব্রত।